

# Times Today BD

তাহমিদ হাসান রাব্বি | ক্যাম্পাস | 04 May, 2025

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের থিয়েটার অ্যান্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগের আয়োজনে নয় দিনব্যাপী ৯ম বার্ষিক নাট্যোৎসব ২০২৫ উদ্বোধন করা হয়েছে। বিভাগের ২০১৯-২০ শিক্ষাবর্ষের 'নাট্য নির্দেশনা (ব্যবহারিক)' কোর্সের অংশ হিসেবে আয়োজিত হচ্ছে এ উৎসব। রবিবার (৪ এপ্রিল) সন্ধ্যা ৬টায় থিয়েটার এন্ড পারফরমেন্সটার বিভাগের জিয়া হায়দার ল্যাবে উৎসবের উদ্বোধন করা হয়।

১২ মে পর্যন্ত প্রতিদিন সন্ধ্যা ৬টা ও ৭টা ৩০ মিনিটে মঞ্চস্থ হবে দুইটি করে নাটক। বাংলা ও বিশ্বসাহিত্য, সমকালীন সমাজ-বাস্তবতা এবং জীবনের বিচিত্র অভিজ্ঞতাকে উপজীব্য করে নির্মিত ১৮টি নাটক প্রদর্শিত হবে এবারের উৎসবে। নাটকগুলো নির্দেশনা দিয়েছেন কোর্স সংশ্লিষ্ট শিক্ষার্থীরা। পুরো কার্যক্রমের তত্ত্বাবধানে রয়েছেন বিভাগের সহকারী অধ্যাপক মো. মাজহারুল হোসেন তোকদার।

উৎসবের প্রথম দিনে মঞ্চস্থ হয়েছে 'ইতি বিনোদিনী' যার নির্দেশনা দিয়েছেন তৃপ্তি রাণী রায় এবং 'কোকিলারা' নির্দেশনায় ছিলেন মনিসা সাহা □

আগামীকাল সোমবার থেকে পর্যায়ক্রমে মঞ্চে আসবে আফিয়া জাহান প্রার্থনার 'তেজ', মো. শাকিল আহমেদের 'ভার্সেস অব ব্লাড এন্ড ফায়ার', জাফরিন হক তরুর 'কোয়েশান মার্ক', পিপাসা সাহা গৌরীর 'লেডি আওই', পরাগ বর্মণের 'বীক্ষণ', ইশরাত জান্নাতের 'পাখি', রাফেল আহমদের 'ভেরোনিকার নতুন জীবন', ফারহানা আমবেরীন লিওনার 'অতসী মামী', পল্লব কুমার বিশ্বাসের 'কাঁটাতারে প্রজাপতি', ফাতেমা তুজ যাহরার 'জিনের বাদশা', মো. শাহীন আলমের 'লবিং', সামিয়া সুলতানা চারুর 'মৃত্যুঞ্জয়', প্রিয়াংকা রাণী দাসের 'ডলস হাউজ', লাবণী রাণী পন্ডিতের 'গেম অব গ্রিড', সুমাইয়া খান কানিজের 'দ্যা স্টেশনারি শপ অব তেহরান' এবং হাবিবা আক্তার পিংকীর নির্দেশনায় 'মুক্তি?'।

বিভাগীয় প্রধান ড. মো. কামাল উদ্দীন গণমাধ্যমকে বলেন, "নাট্যোৎসবটি আমাদের বিভাগের নিয়মিত আয়োজন, এবার নবম বছরে পদার্পণ করল। কোর্সের অংশ হলেও এই উৎসবের মাধ্যমে শিক্ষার্থীরা তাদের সৃজনশীলতা, চিন্তাশক্তি এবং নির্দেশনার দক্ষতা প্রকাশের সুযোগ পায়। শুধু পরীক্ষকের মূল্যায়ন নয়, দর্শকের প্রতিক্রিয়াও তাদের শেখার একটি গুরুত্বপূর্ণ অংশ।"

উৎসবে প্রতিটি নাটকের জন্য পৃথক টিকিটের ব্যবস্থা করা হয়েছে। এছাড়াও কন্সোর্ট ও প্যাকেজ টিকিট কেনার সুযোগ থাকছে।

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 16:37

URL: <https://www.timestodaybd.com/campus/7758071921>